



জনসংযোগ, তথ্য ও প্রকাশনা বিভাগ  
বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর  
ওয়েব সাইট: [www.brur.ac.bd](http://www.brur.ac.bd)

Public Relations, Information & Publication  
Division  
Begum Rokeya University, Rangpur  
Email: [office.publicrelations@brur.ac.bd](mailto:office.publicrelations@brur.ac.bd)

স্মারক: বেরোবি/জতপ্রবি/২০২৪/ডিসেম্বর/১২৭০

তারিখ: ১৬/১২/২০২৪

(সংশোধিত প্রেস রিলিজ)

## বেরোবিতে বর্ণাঢ্য আয়োজনে মহান বিজয় দিবস উদযাপন

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর -এ বর্ণাঢ্য আয়োজনে মহান বিজয় দিবস-২০২৪ উদযাপন করা হয়েছে। আজ **সোমবার** (১৬ ডিসেম্বর, ২০২৪) ভোরে জাতীয় সঙ্গীতের সাথে জাতীয় পতাকা উত্তোলনের মধ্যদিয়ে শুরু হয় দিবসের মূল অনুষ্ঠানিকতা। এরপর সকাল সাড়ে ৯টায় প্রশাসনিক ভবনের দক্ষিণ গেট থেকে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মোঃ শওকাত আলীর নেতৃত্বে বর্ণাঢ্য বিজয় শোভাযাত্রা বের করা হয়। শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের অংশগ্রহণে শোভাযাত্রাটি বাদ্যের তালে তালে শহীদ আবু সাঈদ চত্বর হয়ে ক্যাম্পাসের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে স্বাধীনতা স্মারক চত্বরে এসে শেষ হয়।

স্বাধীনতা স্মারকে মহান মুক্তিযুদ্ধের শহীদদের শ্রদ্ধা জানিয়ে পুষ্পস্তবক অর্পণ করেন উপাচার্য প্রফেসর ড. মোঃ শওকাত আলী। এরপর পর্যায়ক্রমে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদ, বিভাগ, দপ্তর ও আবাসিক হলগুলোর পক্ষ থেকে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করা হয়। এছাড়াও বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের পক্ষ থেকে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করা হয়। এর আগে বিজয় দিবসের প্রথম প্রহরে রাত ১২টা ১ মিনিটে স্বাধীনতা স্মারকে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন উপাচার্য।

দিবসটি উপলক্ষে সকাল সাড়ে ১০টায় স্বাধীনতা স্মারক মাঠে আলোচনা সভার আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে অংশ নিয়ে উপাচার্য প্রফেসর ড. মোঃ শওকাত আলী বলেন, জুলাই বিপ্লবের মাধ্যমে দ্বিতীয় স্বাধীনতা লাভের পর নতুন প্রেক্ষাপটে প্রথম বিজয় দিবস পালন করছে জাতি। তিনি বিজয় দিবসে মহান মুক্তিযুদ্ধের শহীদ ও জুলাই বিপ্লবের শহীদ ও আহতদের গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন। গত জুলাই আগস্টের আন্দোলনে যাদের আত্মত্যাগ ও অবদান আছে তাদের যেন আমরা ভুলে না যাই। দুর্নীতি ও শোষণমুক্ত সমৃদ্ধ বাংলাদেশ গড়ার পাশাপাশি ২০২৪ সালের বৈষম্য বিরোধী আন্দোলনের চেতনা ও মূল্যবোধে উদ্বুদ্ধ হয়ে মুক্তিযুদ্ধের লক্ষ্য বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে নিজ নিজ অবস্থান থেকে অবদান রাখার আহবান জানান বেরোবি উপাচার্য।

মহান বিজয় দিবস-২০২৪ উদযাপন কমিটির আহবায়ক প্রফেসর ড. মোঃ তাজুল ইসলামের সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন ছাত্র পরামর্শ ও নির্দেশনা দপ্তরের পরিচালক ড. মোঃ ইলিয়াছ প্রামানিক, রেজিস্ট্রার ড. মোঃ হারুন-অর রশিদ, একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের বিভাগীয় প্রধান উমর ফারুক, সেন্ট্রাল লাইব্রেরি অ্যান্ড ইনফরমেশন সেন্টারের উপ-গ্রন্থাগারিক মোঃ মামদুদুর রহমান, ভূগোল ও পরিবেশ বিজ্ঞান বিভাগের সেমিনার সহকারী মোঃ মাহফুজার রহমান, বাংলা বিভাগের ১৪তম ব্যাচের শিক্ষার্থী শামসুর রহমান শুভ এবং গণিত বিভাগের ১২তম ব্যাচের শিক্ষার্থী রোবায়ত হাসান। আলোচনা সভাটি সঞ্চালনা করেন দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগের সহকারী অধ্যাপক মোঃ আব্দুল্লাহ-আল-মাহবুব।

দুপুরে বিজয় দিবস উপলক্ষে ১ নম্বর খেলার মাঠে শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের অংশগ্রহণে ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। পরে স্বেচ্ছাসেবী সংগঠন বেগম রোকেয়া ইউনিভার্সিটি ব্লাড অ্যাসোসিয়েশন (ব্রুবা) এর উদ্যোগে রক্তের গ্রুপ নির্ণয় কার্যক্রমের উদ্বোধন করেন উপাচার্য।



জনসংযোগ, তথ্য ও প্রকাশনা বিভাগ  
বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর  
ওয়েব সাইট: [www.brur.ac.bd](http://www.brur.ac.bd)

Public Relations, Information & Publication  
Division  
Begum Rokeya University, Rangpur  
Email: [office.publicrelations@brur.ac.bd](mailto:office.publicrelations@brur.ac.bd)

বিকেলে স্বাধীনতা স্মারক মাঠে ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।  
এছাড়া মহান বিজয় দিবস ২০২৪ উপলক্ষে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের বিভিন্ন ভবন ও স্থাপনা আলোকসজ্জা করা  
হয়। সংবাদ বিজ্ঞপ্তি।

মোহাম্মদ আলী  
অতিরিক্ত পরিচালক (জনসংযোগ) ও অফিস প্রধান  
জনসংযোগ, তথ্য ও প্রকাশনা বিভাগ  
বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর